

আমি কেবলই স্বপন করেছি বপন বাতাসে—

তাই আকাশকুসুম করিনু চয়ন হতাশে ॥

ছায়ার মতন মিলায় ধরণী, কুল নাহি পায় আশার তরণী,
মানসপ্রতিমা ভাসিয়া বেড়ায় আকাশে ॥

কিছু বাঁধা পড়িল না কেবলই বাসনা-বাঁধনে ।

কেহ নাহি দিল ধরা শুধু এ সুদূর-সাধনে ।

আপনার মনে বসিয়া একেলা অনলশিখায় কী করিনু খেলা,
দিনশেষে দেখি ছাই হল সব হতাশে ॥

Parjaay: Bichitro, Taal: Ektaal (3-3), Raag: Behag

Visit www.geetabitan.com for notation and other detail